# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এ্যালামনাই কার্যক্রমের অগ্রগতি

অরুণ কুমার বসাক
পদার্থবিজ্ঞান বিভাগ ও অ্যালামনাই সাংগঠনিক কমিটি, রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয় এ্যালামনাই সংগঠনের কর্মকাণ্ড internet এ প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট website : www.geocities.com/rualamn এ সফর করার জন্য সবাইকে আমন্ত্রণ জানান যাচ্ছে। এতে এ্যালামনাই কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য, অর্থদানসহ সংগঠনের সদস্য হওয়ার ফরম, এ্যালামনাই কার্যক্রমের অগ্রগতি সহ অনেক প্রকার সংবাদ থাকবে।

এ্যালামনাই কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নে প্রদত্ত হল ঃ

(১) দেশে-বিদেশে অবস্থানরত এ্যালামনাই এর সঙ্গে যোগাযোগ রক্ষা করা এবং মত ও তথ্য বিণিময় করা।
(২) বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সমস্যাদিতে পরামর্শ দেয়া ও সাহায্য করা এবং গরীব ছাত্র-ছাত্রীদেরকে আর্থিক সহযোগিতা দান করা।
(৩) বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণার মান রক্ষা করা এবং এগুলোর মানোন্নয়নে সচেষ্ট থাকা। এম.ফিল/পি.এইচ-ডি প্রোগ্রামগুলোতে এ ব্যাপারে বিশেষভাবে মনযোগ দেয়া।
(৪) গবেষণা কাজে দেশে-বিদেশের শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে যৌথ-উদ্যোগ গ্রহণ করা।
(৫) বিশ্ববিদ্যালয়ের তরুন গবেষকদেরকে বিদেশে স্বল্প মেয়াদী প্রশিক্ষণে সহায়তা করা।
(৬) এ্যালামনাই এর রাজশাহী সফর-কালে বাসস্থানের ব্যবস্থাসহ তাঁদের প্রদেয় সেমিনার বক্তৃতার কিংবা তাঁদের পরিচালনাধীনে ওয়ার্কশপের ব্যবস্থা করা।
(৭) অসামান্য অবদানের জন্য এ্যালামনাইকে সম্মান করার এবং প্রতি বছর এঁদের মধ্যে শীর্ষে অবস্থানকারীদের কয়েকজনকে প্রাইজ প্রদানের ব্যবস্থা করা।
(৮) এ্যালামনাই সংগঠনের কার্যক্রম এবং দেশ-বিদেশে অবস্থানরত এ্যালামনাই এর অবদানসমূহ নিয়মিতভাবে সংবাদ-পুস্তিকাকারে প্রকাশ করা।

এ্যালামনাই এর ভবিষ্যৎ কর্মকান্ডের দিকে লক্ষ্য রেখে এ্যালামনাই ভবন নির্মাণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। নিম্নবর্ণিত কক্ষসমূহ সন্নিবেশ (accommodation) সহ অ্যালামনাই Complex এর Master plan তৈরীর সিদ্ধান্ত নেয়া হয়েছেঃ

(i) Conference Room (Gallery) with modern sound and projection system for at least 300 persons.
(ii) Generator Room for housing a backup power generator.
(iii) Meeting Room/small Seminar Room for at least 50 persons.
(iv) 4 (four) Office Rooms, each of 450 sq.ft.
(v) Reception Room
(vi) Gallery/Museum
(vii) Bank
(viii) Multimedia Room
(ix) Multi-dimensional Mall to house (a) Cafeteria, (b) Book Stall, (c) Travel Agent, (d) IT shop, (e) Stationery shop etc.
(x) Community Hall
(xi) Guest House with space for 20 rooms.
(xii) Parking area.

অ্যালামনাই চত্বরের জন্য কমপক্ষে ৩ (তিন) একর পরিসর বিশিষ্ট উপযুক্ত স্থান নির্বাচন এবং অ্যালামনাই সাংগঠনিক কমিটিকে বরাদ্দ করার জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে। বিষয়টি ইং ০৫-০৫-২০০১ তারিখে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সভাতে নীতিগতভাবে গৃহীত হয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় এ্যালামনাই তহবিলে অর্থ সংগ্রহের জন্য অগ্রণী ব্যাংকের রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখাতে একটি ব্যাংক একাউন্ট (নং **০৯৯৭০৬ ;** শিরোনামঃ রাজশাহী বিশ্ববিদ্যালয় অ্যালামনাই তহবিল অথবা RU Alumni Fund) খোলা হয়েছে। সংগৃহীত অর্থের সুষ্ঠ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের অনুমোদন ক্রমে বিশ্ববিদ্যালযের কোষাধ্যক্ষ মহোদয় ও এ্যালামনাই সাংগঠনিক কমিটির সভাপতির যুগ্ম-পরিচালনাতে একাউন্টটি পরিচালিত হচ্ছে। প্রস্তাবিত এ্যালামনাই ভবনের নির্মাণ কার্যক্রমকে ত্বরাণ্বিত করার জন্য এবং দাতাগণ (donors) কে উৎসাহিত করার জন্য সদস্যগণের Category নিম্নভাবে সম্প্রসারিত করা হয়েছে ঃ

(ক) সদস্য (Member) - বাৎসরিক চাঁদা/দান প্রদানের মাধ্যমে। দেশে বসবাসরত এ্যালামনাই এর ক্ষেত্রে এই পরিমান টা. ১,০০০.০০ (এক হাজার টাকা) কিংবা তদূর্দ্ধে এবং প্রবাসী এ্যালামনাই এর ক্ষেত্রে এই পরিমান US $ ৫০.০০ (পঞ্চাশ মার্কিন ডলার) কিংবা তদূর্দ্ধে ।

(খ) আজীবন সদস্য (Life-Member) - দেশে বসবাসরত এ্যালামনাই এর ক্ষেত্রে টা. ৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা) কিংবা তদূর্দ্ধে এবং প্রবাসী এ্যালামনাই এর ক্ষেত্রে US $ ২০০.০০ (দুই শত মার্কিন ডলার) পরিমান দানের মাধ্যমে। নন-এ্যালামনাই এই পরিমান দান করে Associate Life-member হতে পারবেন।

(গ) সোনালী সদস্য ( Golden Member) - টা. ২৫,০০০.০০ (পঁচিশ হাজার টাকা) হতে তদূর্দ্ধ পরিমান দানের মাধ্যমে। সোনালী সদস্য ( Golden Member) কে রাজশাহী বিশ্ববিদ্যালয় মনোগ্রাম সম্বলিত সোনার স্মারক বোতাম প্রদান করা হবে। নন-এ্যালামনাই এই পরিমান দান করে Associate Golden member হতে পারবেন।

(ঘ) বিশিষ্ট ডোনার (Distinguished Donor) - টা. ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা) হতে তদূর্দ্ধ পরিমান দানের মাধ্যমে। বিশিষ্ট ডোনার (Distinguished Donor)এর নাম ও ঠিকানা ভবিষ্যতে তৈরী অ্যালামনাই ভবনের দেয়াল-ফলকে লেখা হবে। নন-এ্যালামনাই এই পরিমান দান করে Associate Distinguished Donor হতে পারবেন।

(ঙ) গ্র্যান্ড ডোনার ( Grand Donor) - টা. ১,০০,০০০.০০ (এক লক্ষ টাকা) তদূর্দ্ধ পরিমান দানের মাধ্যমে। গ্র্যান্ড ডোনার ( Grand Donor) এর নাম ও সাইটেশন সহ ছবি ভবিষ্যতে তৈরী এ্যালামনাই ভবনের দেয়ালে ঝুলান হবে। নন-এ্যালামনাই এই পরিমান দান করে Associate Grand Donor হতে পারবেন।

(চ) প্যাট্রন (Patron) - টা. ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ টাকা) তদূর্দ্ধ পরিমান দানের মাধ্যমে। প্যাট্রন (Patron) এর নাম ও সাইটেশন সহ ছবি ভবিষ্যতে তৈরী এ্যালামনাই ভবনের দেয়ালে ঝুলান হবে। কক্ষ নির্মাণের জন্য এই দান দেওয়া হলে প্যাট্রনের ইচ্ছানুসারে কক্ষের নামকরণ ও দাতার নাম কক্ষটির দেয়ালে লেখা হবে। নন-এ্যালামনাই এই পরিমান দান করে Associate Patron হতে পারবেন।

(চ) বিশিষ্ট প্যাট্রন (Distinguished Patron) - টা. ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ টাকা) তদূর্দ্ধ পরিমান দানের মাধ্যমে। বিশিষ্ট প্যাট্রন (Distinguished Patron) এর নাম ও সাইটেশন সহ ছবি ভবিষ্যতে তৈরী এ্যালামনাই ভবনের দেয়ালে ঝুলান হবে। কক্ষ নির্মাণের জন্য এই দান দেওয়া হলে প্যাট্রনের ইচ্ছানুসারে কক্ষের নামকরণ ও দাতার নাম কক্ষটির দেয়ালে লেখা হবে। নন-এ্যালামনাই এই পরিমান দান করে Associate Distinguished Patron হতে পারবেন।

(ছ) গ্র্যান্ড প্যাট্রন (Grand Patron) - টা. ১,০০,০০,০০০.০০ (এক কোটি টাকা) অথবা তদূর্দ্ধ পরিমান অর্থ দাতাদের নাম ও সাইটেশন সহ ছবি ভবিষ্যতে তৈরী এ্যালামনাই ভবনের দেয়ালে ঝুলান হবে। কক্ষ নির্মাণের জন্য এই দান দেওয়া হলে প্যাট্রনের ইচ্ছানুসারে কক্ষের নামকরণ ও দাতার নাম কক্ষটির দেয়ালে লেখা হবে। নন-এ্যালামনাই এই পরিমান দান করে Associate Grand Patron হতে পারবেন।

(জ) সব দাতাদের নাম ও ঠিকানা এ্যালামনাই অফিসে প্রদর্শিত একটি রেকর্ড বইয়ে লিপিবদ্ধ করা হবে। নাম প্রকাশে অনিচ্ছুক ব্যক্তিগণের ক্ষেত্রে নাম উহ্য রেখে রেকর্ড করা হবে।

যুক্তরাষ্ট্র হতে পদার্থবিজ্ঞান বিভাগের প্রাক্তন ছাত্র ডঃ এম. রেজাউল হক এ্যালামনাই তহবিলে **১** হাজার মার্কিন ডলার দান প্রদান করে "বিশিষ্ট ডোনার" (Distinguished Donor) হওয়ার সম্মান অর্জন

করেছেন। এছাড়া ১. যুক্তরাস্ট্র থেকে প্রফেসর রথীন্দ্র নাথ বোস (কেন্ট স্টেট বিশ্ববিদ্যালয়), ২. টি.এম.এস.এস. (বগুড়া) এর নির্বাহী পরিচালক রোটাঃ অধ্যাপিকা হোসনে-আরা বেগম, ৩. সিলেট থেকে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর জনাব এম. নজমুল আসহাব, ৪. খুলনা থেকে হোটেল গোল্ডেন কিং এর পরিচালক জনাব এম. শফিকুল ইসলাম, ৫. খুলনা থেকে হোটেল গোল্ডেন কিং এর পরিচালক জনাব এম. শফিকুল ইসলাম, ৬. বগুড়া থেকে মাইক্রো-ল্যাবের জনাব এম. বেলায়েত হোসেন এবং ৭. আমীরাত থেকে জনাব এম. আহসানুল্লাহ খসরু অর্থদান পাঠিয়ে “আজীবন সদস্য“ গ্রহণ করেছেন। মাননীয় উপাচার্য প্রফেসর সাইদুর রহমান খান এঁদেরকে বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে অনুরাগ প্রকাশ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় এ্যালামনাই ফান্ডে যে-কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এখন **কিস্তিতে** অর্থদান করতে পারেন। এজন্য নিম্নভাবে ফরম করা হয়েছে ঃ

(ক) **প্রবাসীদের জন্য**

(1) Name of Donor ঃ
[Kindly enclose a stamp-size photograph for the record book ]

(2) Designation and Office Address ঃ

(3) Email Address ঃ

(4)Home Address ঃ

(5)Last Degree received from RU with yearঃ Subject ঃ
(Applicable to RU alumni)

(6) Total amount of donation (pledged) ঃ
(Payable to A/C: RU Alumni Fund, A/C No. 099706)

(7)Amount of present remittance (for donation in installments) ঃ

(Kindly check one) US $ 50.00/ 100.00/ 200.00/ 500.00/ 1,000.00

(8)Your cheque no. ঃ

(Kindly mention A/C No. 099706 with Agrani Bank, RU Branch & the payee RU Alumni Fund)

(খ) **বাংলাদেশে অবস্থানকারী এ্যালামনাই এর জন্য**

(১)দাতার নাম (ইংরাজীতে) ঃ
[স্ট্যাম্প সাইজের ১টা ফটো দরকার রেকর্ড বই এর জন্য ]

(২) পদ ও বিভাগ ঃ

(৩) ই-মেইল ঠিকানা ঃ

(৪) বাসস্থানের ঠিকানাঃ

(৫) রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে শেষ ডিগ্রী ও সালঃ বিষয় ঃ
(রাজশাহী বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এর ক্ষেত্রে প্রযোজ্য)

(৬) দানের পরিমান ঃ টা.

(প্রাপক ব্যাংক একাউন্ট ঃ শিরোনাম **রাজশাহী বিশ্ববিদ্যালয় অ্যালামনাই তহবিল, একাউন্ট নং ০৯৯৭০৬**)

(৭) কিস্তিতে অর্থদানের ক্ষেত্রে বর্তমান কিস্তির পরিমান ঃ

(টিক চিহ্ন দিন আপনার সুবিধা মত) টা. ১,০০০.০০/ ২,০০০.০০/ ৩,০০০.০০/ ৪,০০০.০০/ ৫,০০০.০০

(৮) ব্যাংক ও চেক নম্বর ঃ।

এ্যালামনাই এর কাছে আমাদের নিবেদন ঃ (১) এ্যালামনাই তহবিলকে শক্তিশালী করার প্রয়াসে অংশগ্রহণ করুন এবং কিস্তিতে দান করার সুবিধা গ্রহণ করুন। (২) আমাদের আর্থ-সামাজিক পরিবেশে প্রধান পদক্ষেপগুলিকে চিহ্নিত করতে পরামর্শ দিন। (৩) আমাদের এ্যালামনাই কমপ্লেক্সে ভবন/কক্ষ নির্মাণে অর্থদান করে কার নামে উৎসর্গ করতে সুযোগ নিন। (৪) এ্যালামনাই নন, এমন ব্যক্তি কিংবা যে-কোন প্রতিষ্ঠান আমাদের এ্যালামনাই তহবিলে দান করতে পারেন; তাঁদেরকে উদ্বুদ্ধ করুন। আসুন আমরা দেশের দ্বিতীয় বৃহত্তম শিক্ষায়তনে শিক্ষার মান উন্নয়নে প্রয়াস নিই এবং এ্যালামনাই সংগঠনের মাধ্যমে আমরা যোগসূত্র রক্ষা করি।